

প্রিয় মন

□ দেবজ্যোতি আচার্য

রোজ চাষ করো তুমি দুঃখ অনুভূতি

তোমার আদ্রতা যে সকালে কমে... সেখানেই
নিকোটিন রঙে আকা কাগজের ওজন বাড়ে
প্রতিমূহর্তে

হাওয়ায় মিশে যায় তোমার জন্য লেখা সব
কবিতা

প্রিয় মন

রোজ চাষ করো তুমি দুঃখ অনুভূতি

ওয়ালেট-এ খুঁজো পুরোনো স্মৃতির অস্তিত্বটা
বসন্তের দুফোটা মাখবার অপেক্ষায় আছে তুমি
তুমি শুক্ল তুমি শীতল তুমি কোনো উদ্দেশ্যহীন
মিছিলে

তুমি পেরাসুট হয়ে উড়ে কবির আকাশে

প্রিয় মন

রোজ চাষ করো তুমি দুঃখ অনুভূতি

তুমি বালিশ বক্ষে স্বপ্নের মতন
বাস্তবে আসলেই সব কর্পূর
তোমার প্রিয় গানের নাম ভুলে যাও প্রতিদিন
তুমি স্থির তুমি অস্থির তুমি নিঃস্ব
তুমি নীল তুমি লাল তুমি কালো তুমি সাদা
তুমি প্রত্যেকটা অনুভূতির এপিটাফ

প্রিয় মন

রোজ করে চাষ করো তুমি দুঃখ অনুভূতি ।

